দৈনিক
ইনকিলাব

তারিখ ... 17 MAR 2009 ...
পৃষ্ঠা ... ৫ ... ৫ ...

# শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে স্কুলগুলোর সময়সূচী পরিবর্তন করুন

## —বাংলাদেশ শিক্ষক সমিতি

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকী ও সাধারণ সম্পাদক রঞ্জিত কুমার সাহা গতকাল (সোমবার) এক বিবৃতিতে বর্তমান শিক্ষাবর্ষে সময়মত বই না পাওয়ায় নির্দিষ্ট সময়ে কোর্স সম্পন্ন করা সম্ভব হয়নি।

যার ফলে বর্তমান সরকার নির্ধারিত সময়সূচী অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হলে ছাত্রছাত্রীরা ক্ষতিগ্রস্ত হবে। তাই পরীক্ষার বর্তমান সময়সূচী ১৫ দিন পেছানোর জন্য আমরা দাবী জানাচ্ছি। নেতৃবৃন্দ বলেন, বর্তমানে সরকার নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠানের সময়সূচী সকাল ৮টা করায় অধিকাংশ শিক্ষার্থীর নানা ধরনের অসুবিধা হচ্ছে। বিশেষ করে গ্রামান্তরের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষার্থীদের খাওয়া, ঠিকমত বিদ্যালয়ে পৌছানোর ক্ষেত্রে খুবই অসুবিধা হচ্ছে। এমতাবস্থায়, দুই শিফটের শিক্ষা প্রতিষ্ঠানে সকাল ৭টা থেকে ৫টা এবং ১ শিফটের প্রতিষ্ঠানে সকাল ১০টা থেকে ৪টা অর্থাৎ পূর্বের সময়সূচী অনুযায়ী প্রতিষ্ঠান শুরু করার নির্দেশ দেয়ার জন্য জোর দাবী জানাচ্ছি।